গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা পরিষদের আগস্ট ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ দীপ জন মিত্র, প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়ঃ ২০ আগস্ট ২০২৫ সময়: বেলা ১১.৩০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

সভার শুরুতে উপজেলা পর্যায়ের কর্মকর্তা এবং চেয়ারম্যানগণ সকলকে স্বাগত জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। উপজেলা প্রকৌশল দপ্তরঃ

উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২০টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০ টি প্যাকেজে প্রাথমিক বিদ্যালয়ের বড় ধরনের মেরামতের অনুমোদন পাওয়া গেছে। যাহার টেন্ডার প্রক্রিয়া শেষ হয়েছে।

ইউনিয়ন পরিষদ ১% খাত হতে নিম্নক্ত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হ'ল।

| ক্র নং | প্রকল্পের নাম | প্রাক্কলিম মূল্য | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ভূরুঙ্গামারী উপজেলাধীন সদর ইউনিয়নের নলেয়া মৌজায় সুনিলের কুড়ার পাড় হতে মাঝীপাড়া মন্দির গামী রাস্তা মেরামত করণ। | ১০০০০০০.০০ | RFQ | |

উপজেলা পরিষদ হাট বাজার উন্নয়ন তহবিল ১৫% খাত হতে নিম্নক্ত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হ'ল।

| ক্র নং | প্রকল্পের নাম | প্রাক্কলিম মূল্য | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | ভূরুঙ্গামারী বাজারের অভ্যন্তরীণ ড্রেন ভায়া হাসপাতালগামী এবং সরকারি কলেজগামী ডেন পরিস্কারকরণ। | ৫০০০০০.০০ | RFQ | |
| ০২। | তিলাই ইউনিয়নের ধামেরহাট বাজারের রাস্তা সিসি করণ। | ১০০০০০০.০০ | RFQ | |
| ০৩। | শিলখুড়ী ইউনিয়নের পাগলার হাট বাজারের অভ্যন্তরীণ রাস্তা আরসিসি করণ। | ১০০০০০০.০০ | RFQ | |
| ০৪। | পাথরডুবী ইউনিয়নের চাদনী বাজারের রাস্তা সিসি করণ। | ১০০০০০০.০০ | RFQ | |

ADP প্রকল্পঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, ২০২৫-২০২৬ইং অর্থ বছরের এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ ২২৫৯০০০.০০ পাওয়া গিয়াছে। ১ম কিস্তির ০৪ গুন ২২৪৬০০০.০০ X ৪ = ৯০৩৬০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া যাবে এবং রাজস্ব উদ্বৃত্ত = ৩৬০০০০০০.০০ (তিন কোটি ষাট লক্ষ) সহ সর্বমোট=৪৫০৩৬০০০.০০ (চার কোটি পঞ্চাশ লক্ষ ছত্রিশ হাজার) টাকা মাত্র এর ৩০% পিআইসি ও অবশিষ্ট অর্থের প্রকল্পসমূহ টেন্ডার/কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের জন্য উক্ত টাকা বিভাজন করা হয়। বিভাজন অনুযায়ী এডিপি প্রকল্প গ্রহন করা হয়েছে।

ভূরুঙ্গামারী, আন্ধারীঝাড় এবং বলদিয়া ইউপি চেয়ারম্যানের আবেদন এবং এডিপি প্রকল্প যাচাই বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক পূর্বের রেজুলেশনের প্রকল্প পরিবর্তন করে নিম্নোক্ত প্রকল্প সমূহ সংশোধন করে চূড়ান্ত করা হয়। যাহা নিম্ন রূপঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ৫নং ভূরুঙ্গামারী ইউনিয়নের ৪নং ওয়ার্ডের কেন্দ্রীয় কবর স্থান আলাউদ্দিনের বাড়ি হতে শফিকুলের বাড়ি গামী রাস্তা সিসি করণ। | ৯৩৩৭৫১.০০ | RFQ | |
| ২. | আন্ধারীঝাড় ইউনিয়নের ৭নং ওয়ার্ডের মন্ডল পাড়া কবর স্থানে সোলার স্ট্রিট লাইট স্থাপন করণ। | ২০০০০০.০০ | PIC | |
| ৩. | আন্ধারীঝাড় ইউনিয়নের ৭নং ওয়ার্ডের মন্ডল পাড়া হাফিজিয়া মাদ্রাসা সংলগ্ন মোড়ে সোলার স্ট্রিট লাইট স্থাপন করণ। | ২০০০০০.০০ | PIC | |
| ৪. | আন্ধারীঝাড় ইউনিয়নের ৭নং ওয়ার্ডের মন্ডল মসজিদ সংলগ্ন মোড়ে সোলার স্ট্রিট লাইট স্থাপন করণ। | ২০০০০০.০০ | PIC | |
| ৫. | আন্ধারীঝাড় ইউনিয়নের ৭নং ওয়ার্ডের সরকারপাড়া কবরস্থান সংলগ্ন মোড়ে সোলার স্ট্রিট লাইট স্থাপন করণ। | ২০০০০০.০০ | PIC | |
| ৬. | ৮নং বলদিয়া ইউনিয়নের ১,২ এবং ৩ নং ওয়ার্ডের প্রান্তীক চাষীদের মাঝে স্প্রে-মেশিন সরবরাহ করণ। | ২০০০০০.০০ | PIC | |
| ৭. | ৮নং বলদিয়া ইউনিয়নের ৪,৫ এবং ৬ নং ওয়ার্ডের প্রান্তীক চাষীদের মাঝে স্প্রে-মেশিন সরবরাহ করণ। | ২০০০০০.০০ | PIC | |
| ৮. | ৮নং বলদিয়া ইউনিয়নের ৭,৮ এবং ৯ নং ওয়ার্ডের প্রান্তীক চাষীদের মাঝে স্প্রে-মেশিন সরবরাহ করণ। | ২০০০০০.০০ | PIC | |
| ৯. | ৮নং বলদিয়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের খামার পাড়া জামে মসজিদ উন্নয়ন করণ। | ২০০০০০.০০ | PIC | |

এডিপি প্রকল্প যাচাই বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত প্রকল্প সমূহ চূড়ান্ত করা হয়। যাহা নিম্নরূপঃ পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য চূড়ান্ত প্রকল্প সমূহঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | আন্ধারীঝাড় আলহাজ্ব মাহমুদ আলী দ্বিমূখী উচ্চ বিদ্যালয়ের ফুলের বাগানের পানির ফোয়ারা নির্মাণ। | ৩০০০০০.০০ | |
| ২. | মুক্তিযোদ্ধাদের জন্য অস্থায়ী অফিস ঘর নির্মাণ করণ। | ২০০০০০.০০ | |
| ৩. | ভূরুঙ্গামারী উপজেলা প্রেস ক্লাবে আসবাবপত্র সরবরাহ করণ। | ৩০০০০০.০০ | |
| ৪. | ভূরুঙ্গামারী উপজেলাধীন সদর ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের মহিলা কলেজ মোড় হতে কেজি স্কুল পর্যন্ত রাস্তা মেরামত করণ। | ২০০০০০.০০ | |
| ৫. | পাথরডুবি ইউনিয়নের থানাঘাট-সাহেবগঞ্জ বর্ডার সড়কের থানাঘাট বাজার সংলগ্ন সড়কের ভাঙ্গনকৃত স্থানে বালুর বস্তা দ্বারা মেরামত ও সংস্কার করণ। | ৩০০০০০.০০ | |
| ৬. | পাইকেরছড়া ইউনিয়নের দলবাড়ী গছিডাঙ্গা জামে মসজিদ উন্নয়ন করণ। | ২০০০০০.০০ | |
| ৭. | উত্তর বাগভান্ডার জামে মসজিদের উন্নয়ন করণ। | ২০০০০০.০০ | |
| ৮. | ভূরুঙ্গামারী সদর ইউনিয়নের আলহাজ্ব রফিকুল হক জামে মসজিদ উন্নয়ন করণ। | ২০০০০০.০০ | |
| ৯. | ভূরুঙ্গামারী সদর ইউনিয়নের সাদ্দাম মোড় সংলগ্ন ছোট বারুইটারী কেন্দ্রীয় দূর্গা মন্দির উন্নয়ন করণ। | ২০০০০০.০০ | |
| ১০. | তিলাই ইউনিয়নের হাজী ওয়াল উদ্দিন হাফেজিয়া মাদ্রাসার ইতিম খানা টয়লেট নির্মাণ করণ। | ২০০০০০.০০ | |
| ১১. | বঙ্গসোনাহাট ইউনিয়নের সোনাহাট মহা বিদ্যালয়ের অভ্যন্তরীণ রাস্তা সিসি করণ। | ২০০০০০.০০ | |
| ১২. | ভূরুঙ্গামারী সদর হাসপাতালে সাপের এন্টি ভেনম ভেক্সিন এবং জলাতঙ্ক রোগের ভেক্সিন প্রদান। | ৩০০০০০.০০ | |
| ১৩. | উপজেলা হিসাবরক্ষণ অফিসের স্টোর রুম মেরামত করণ। | ২০০০০০.০০ | |
| ১৪. | তিলাই ইউনিয়নে হত দরীদ্র কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ করণ। | ৩০০০০০.০০ | |
| ১৫. | ভূরুঙ্গামারী ফাজিল ডিগ্রী মাদ্রাসার ৭৫ বছর পূর্তি (প্লাটিনাম জয়ন্তী) উদ্যাপন উপলক্ষ্যে মাদ্রাসা মেরামত ও রং করণ। | ৩০০০০০.০০ | |
| ১৬. | তিলাই ইউনিয়নের হত দরিদ্র জনগণের মাঝে টিউবওয়েল সরবরাহ করণ। | ৩০০০০০.০০ | |
| ১৭. | আনুসঙ্গিক ব্যয়০.৫% | ২২৫১৮০.০০ | |
| | মোট টাকা= | ৪১২৫১৮০.০০ | |

**এডিপি প্রকল্প যাচাই বাছাই কমিটির সিদ্ধান্ত এবং মাসিক সাধারন সভায় সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত প্রকল্প সমূহ জনগুরুত্বপূর্ণ হওয়ায় আরএফকিউ/কোটেশন প্রক্রিয়ায় বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হ'ল।**

**যাহা নিম্ন রূপঃ আরএফকিউ / কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের জন্য চূড়ান্ত প্রকল্প সমূহঃ**

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ভূরুঙ্গামারী সদর ইউনিয়নের রফিকুল দরজীর বাড়ি হইতে ভূরুঙ্গামারী মহিলা দাখিল মাদ্রাসা পর্যন্ত রাস্তা আরসিসি করণ। | ১০০০০০০.০০ | |
| ২. | পাইকারছড়া ইউনিয়ের ছিট পাইকেরছড়া মৌজায় পানি নিস্কাশনের জন্য ইরিগেশন পাইপ স্থাপন। | ৪৯১৩৫৫.০০ | |
| ৩. | ভূরুঙ্গামারী সদর ইউনিয়নের মিলনী স্কুলগামী রাস্তা (চেইঃ ০০-১০০মিঃ) পর্যন্ত আরসিসি করণ। | ১০০০০০০.০০ | |
| ৪. | ভূরুঙ্গামারী সদর ইউনিয়নের মিলনী স্কুলগামী রাস্তা (চেইঃ ১০০-২০০মিঃ) পর্যন্ত আরসিসি করণ। | ১০০০০০০.০০ | |

| | | | |
|---|---|---|---|
| ৫. | উপজেলা পরিষদ নার্সারী হতে সরকারি মসজিদ পর্যন্ত ড্রেনের স্লাব নির্মাণ। | ৬৭৮৪৮৫.০০ | |
| ৬. | বলদিয়া বহুমুখি উচ্চ বিদ্যালয়ের ভবনের ৬ষ্ঠ শ্রেণি কক্ষ-১০ম শ্রেণি কক্ষ মেরামত করণ। | ১০০০০০০.০০ | |
| ৭. | বলদিয়া বহুমুখি উচ্চ বিদ্যালয়ের বারান্দা এবং প্রধান শিক্ষকের কক্ষ মেরামত করণ। | ১০০০০০০.০০ | |
| ৮. | ভূরুঙ্গামারী উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করণ। | ৫০০০০০.০০ | |
| ৯. | ভূরুঙ্গামারী উপজেলার প্রান্তিক কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ করণ। | ৫০০০০০.০০ | |
| ১০. | ভূরুঙ্গামারী উপজেলার দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ করণ। | ৫০০০০০.০০ | |
| ১১. | ভূরুঙ্গামারী উপজেলাধীন বিভিন্ন ক্লাব এবং শিক্ষা প্রতিষ্ঠানে ক্রিড়া সামগ্রী সরবরাহ করণ। | ৫০০০০০.০০ | |
| ১২. | ভূরুঙ্গামারী উপজেলার পঙ্গু রোগীদের মাঝে হুইল চেয়ার সরবরাহ করণ। | ৫০০০০০.০০ | |
| ১৩. | ভূরুঙ্গামারী উপজেলাধীন দরিদ্র জনগনের মাঝে নলকূপ সরবরাহ করণ। | ৫০০০০০.০০ | |
| ১৪. | ভূরুঙ্গামারী উপজেলার গুরুত্বপূর্ন স্থানে স্ট্রিট সোলার লাইট স্থাপন করণ। | ১০০০০০০.০০ | |
| ১৫. | ভূরুঙ্গামারী ফাজিল ডিগ্রী মাদ্রাসার পূর্বে পাশ্বের রাস্তা ( চেইঃ ০০-৮০মিঃ) পর্যন্ত সিসি করণ | ৫০০০০০.০০ | |
| ১৬. | ভূরুঙ্গামারী ফাজিল ডিগ্রী মাদ্রাসার পূর্বে পাশ্বের রাস্তা ( চেইঃ ৮০-১৬০মিঃ) পর্যন্ত সিসি করণ | ৫০০০০০.০০ | |
| | মোট= | ১১১৬৯৮৪০ | |

সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছর শুরু হয়ে গেছে। ইতোমধ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২১০০০০০০/- (দুই কোটি দশ লক্ষ) টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর পূর্বক গ্রহণ করা হয়েছে। যা কার্যক্রম চলমান। ভূরুঙ্গামারী উপজেলার উন্নয়ন কার্যক্রমের ধারা চলমান রাখার স্বার্থে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। সে ক্ষেত্রে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থ এডিপি খাতে স্থানান্তর জন্য সভা অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে এ উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে উপজেলা পরিষদ তহবিল হতে ১৫০০০০০০/- টাকা উপজেলা পরিষদ তহবিলের স্থানান্তর করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, পুকুর, রাস্তা ঘাট মেরামতের জন্য ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক হতে অতিরিক্ত বরাদ্দ হিসেবে ১৪২৩৭০০০/- (এক কোটি বিয়াল্লিশ লক্ষ সাইত্রিশ হাজার) টাকার নিম্নবর্ণিত প্রকল্পগুলো সরকারি মঞ্জুরী প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের নিমিত্ত অনুরোধ জানান।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়ন | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১. | জামতলা থেকে ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ অফিস পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ। | PPR | ৫৩৬১১১৮/- |
| ২. | জামতলা থেকে ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ অফিস পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ। | PPR | ৫০৯৫৭৯০/- |
| ৩. | উপজেলা পরিষদের ২নং আবাসিক ভবন মেরামতকরণ। | PPR | ১৫৬২৬৫৩/- |
| ৪. | উপজেলা পরিষদের অভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ। | PPR | ২২১৬৬৩৯/- |
| | | সর্বমোট= | ১৪২৩৭০০০/- |

সিদ্ধান্ত ঃ চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান ভূরুঙ্গামারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান স্বাস্থ্যই সকল সুখের মূল। অত্র উপজেলার সকল ইউনিয়নের মধ্যে প্রান্তিক ইউনিয়নের সাধারণ মানুষ স্বাস্থ্য সম্পর্কে সচেতন নহে। গর্ভবর্তী নারীদের এবং শিশুদেরও কিছু কিছু সমস্যা আছে। করোনায় আক্রান্ত হয়ে ইতোপূর্বে অনেক সমস্যা দেয়া গিয়েছে। বর্তমানে ডায়বেটিস, হার্টের সমস্যাসহ অন্যান্য সমস্যা আছে। উক্ত রোগগুলো সবসময় চেক আপ করার জন্য সকলকে উৎসাহ দিতে হবে। আরো জানান একজন সমাজ সেবা কর্মকর্তা হার্ট এ্যাটাকে অকালে মৃত্যুবরণ করেন। তিনি অবশ্যই হার্টের ব্যাধি সম্পর্কে সচেতন ছিলেন না। অনেকগুলো নিরব ঘাতক রোগ আছে। যথাসময়ে সেগুলো পরীক্ষা করতে হবে। ভূরুঙ্গামারীতে টাইফয়েড রোগ আছে। সেগুলো সাধারণত পানি খাওয়ার কারণে হোটেলের খাবার খেয়ে আরো নানা প্রকার সমস্যার কারণে টাইফয়েড আক্রান্ত হয়ে থাকে। তিনি টাইফয়েড নিরাময় করার জন্য ভ্যাকসিন প্রয়োগের ব্যবস্থা করা হয়েছে। টাইফয়েড নিরাময় করার জন্য স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র/ছাত্রীদেরকে ভ্যাকসিন দেওয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রত্যন্ত এলাকার গরীব দুঃখী মানুষের মাঝে বিনা মূল্যে ঔষধ বিতরণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বন্যা আপদকালীন সময়ে বন্যার্ত এলাকায় টাইফয়েডসহ অন্যান্য রোগের বিনা মূল্যে ঔষধ বিতরণ করা হবে।

সিদ্ধান্ত ঃ হাসপাতালে আগত রোগীদের বিশেষ করে টাইফয়েড রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান যে, গরু ছাগলসহ অন্যান্য প্রাণিকে যথাসময়ে পরীক্ষা করিয়ে ঔষধ খাওয়াতে হবে। গ্রামের অত্যন্ত এলাকায় গর্ভবতী গরু ছাগলকে সময় মত প্রাণিসম্পদ অফিসে জনগণ যোগাযোগ করেন না ফলে গর্ভবর্তী গরু ছাগল মারা যায় এবং গর্ভবর্তী গরু ছাগল ঠিক থাকলেও বাচ্চা পেটে থাকতে মারা যায়। ভারত থেকে বর্তমানে আগত গরু ছাগলের কারণে অনেকগুলো ক্ষতিকর গরু ছাগলের উপর বিরূপ প্রভাব পড়েছে। সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম আরো জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ

সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান বর্তমানে স্কুলগুলোতে ছাত্র/ছাত্রীদের উপস্থিতির হার সন্তোষজনক নয়। স্কুলগুলো নিয়মিত ভাবে মনিটরিং করা হচ্ছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান অত্র উপজেলায় ১১২টি প্রাথমিক বিদ্যাল রয়েছে। উক্ত বিদ্যালয়ের অবকাঠামো ঠিক আছে কি না তা আমার সঠিক জানা নেই। যে সমস্ত বিদ্যালয়ের অবস্থা ভালো না সেগুলো কিভাবে অবকাঠামো ভালো করা যায় তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান আমরা ইতোমধ্যে প্রাথমিক বিদ্যালয় তদন্ত করা হচ্ছে যে সমস্ত বিদ্যালয় জরার্জীণ তার প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত ঃ শিক্ষার মান উন্নয়নে উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রমকে যুগোপযোগী করার বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬। উপজেলা রিসোর্স সেন্টার ঃ

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ রিসোর্স সেন্টারের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭। উপজেলা কৃষি বিভাগ ঃ

উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান কৃষি বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান আমন মৌসুমে ইউরিয়া সারের বেশী প্রয়োজন হয় না। অত্র উপজেলায় ডিএপি, টিএসপির কিছুটা সংকট আছে। অত্র উপজেলার সার ডিলারদেরকে সচেতন করতে হবে যে, ছোট ছোট সার বিক্রেতাদের কাছে সার বিক্রি করা যাবে না। অত্র উপজেলা থেকে ইউরিয়া সার যেন পার্শ্ববর্তী রাষ্ট্র ভারতে সার পাচার না হয় সেদিকে সকলকে সচেতন থাকতে হবে।

সিদ্ধান্ত ঃ ইউরিয়া সার যেন পার্শ্ববর্তী রাষ্ট্র ভারতে পাচার না হয় সেদিকে সকলকে সচেতন থাকাসহ আমান আবাদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা দিতে উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ খাদ্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি জানান অত্র সদ্য যোগদান করায় উপজেলার মাধ্যমিক ও স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা সম্পর্কে তার কোন ধারণা হয় নাই। ইতোমধ্যে ৬টি মাধ্যমিক পর্যায়ের স্কুল পরিদর্শন করেন।

সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়। সে সাথে যে, সমস্ত সদস্যকে ঋণ প্রদান করা হয়, তা সময় মত আদায় প্রক্রিয়া চলমান রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রদত্ত উপকারভোগীদের হালনাগাদ তালিকা প্রস্তুত রাখাসহ সার্বিক কার্যক্রমে গতিশীল আনয়ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভায় নির্দেশনা দেয়া হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২। উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ

সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান ২০২৫ সালে যুব উন্নয়ন ৪র্থ দিবস পালন করা হয়েছে। তিনি জানান ২০/৩০ জন একত্র করে আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে প্রশিক্ষণ দেয়ার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী।

১৩। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান গ্রামে গ্রামে স্যানিটেশন সম্পর্কে জনসাধারণকে সচেতন করা হচ্ছে। ইতোমধ্যে অনেক ইউনিয়নে স্যানিটেশনের ব্যবস্থা পর্যায়ক্রমে করা হচ্ছে। তিনি আরো জানান টিপিআইসি উপজেলা প্রকৌশলী ওয়াশ ব্লক নির্মাণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অত্র উপজেলায় ৪টি ইউনিয়নে স্যানিটেশনের কাজ শুরু করা হচ্ছে। তিনি জানান যে, ২০/২৫ টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক এর কাজ হাতে নেয়া হয়েছে কিন্তু ঠিকাদারগণের অবহেলার কারণে ওয়াশ ব্লক Handover করা হচ্ছে না।

সিদ্ধান্ত ঃ জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪। উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ

উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ পরিসংখ্যান বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫। উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর ঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। আগামী ২৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ৮জন আনসার কুড়িগ্রামে প্রশিক্ষণ নেয়ার জন্য যাবে। পর্যায়ক্রমে ১১৩ জন প্রশিক্ষণ গ্রহণ করবেন।

সিদ্ধান্ত ঃ আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬। ইসলামিক ফাউন্ডেশন ঃ

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম অব্যাহত রাখার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭। উপজেলা সমাজসেবা দপ্তর ঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বৎসরে যে সমস্ত বরাদ্দ পাওয়া গেছে। তা ইতোমধ্যে সংশ্লিষ্ট খাতে এবং ব্যক্তিদের মাঝে বিতরণ করা হয়েছে। সুস্থ মানুষের মাঝে বয়স্ক ভাতাসহ অন্যান্য ব্যক্তিদের মাঝে ভাতা বিতরণে নানা প্রকার সমস্যা হচ্ছে। ইউনিয়ন পরিষদ হতে যে সমস্ত কার্ড বিতরণ করা হয়। তাতে নানা প্রকার সমস্যা থাকে।

সিদ্ধান্ত ঃ সুবিধাভোগীদের নামের তালিকা হালনাগাদ রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮। পল্লী বিদ্যুৎ সমিতি ঃ

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান এ উপজেলায় সকল ফিডারে সমানুপাতিক হারে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে জুন/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় পরামর্শ প্রদান করা হলেও সমানুপাতিক হারে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে না মর্মে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষ থেকে মৌখিক অভিযোগ পাওয়া যাচ্ছে। বিশেষ করে কোন কোন নামাজের সময় বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকায় মুছল্লিগণের নিকট থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে সভায় উপজেলা নির্বাহী অফিসার উদ্বেগ প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ ভূরুঙ্গামারী উপজেলায় সকল ফিডারে সমানুপাতিক হারে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে আজকের সভায় পুনরায় অনুরোধ জানানো হয় এবং সভার কার্যবিবরণী সিনিয়র জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট, পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রাম বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯। কাস্টম্‌স বিভাগ ঃ

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০। ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১। মৎস্য বিভাগঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান মৎস্য বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ মৎস্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২। পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩। সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলা ১০২টি সমিতি আছে। অনেক সমিতির সঠিকভাবে গঠন করা হয়নি এবং তাদের কাছ থেকে কোন প্রকার সমিতির অনুকূলে কোন কাগজপত্র দেখাতে পারে না। অনেক সমিতি প্রত্যয়ন পত্র ছাড়াই বিভিন্ন জলমহাল লীজ গ্রহণ করেন। অত্র উপজেলায় ২টি ইউনিয়নের ঋণদান কর্মসূচি গ্রহণ করা হয়েছে। (আন্ধারীঝাড়/তিলাই) উক্ত ইউনিয়ন ২ (দুই) জনের মধ্যে ১০০০০০/- (এক লক্ষ) টাকা ঋণ দানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সমবায় বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪। আইসিটি বিভাগঃ

উপজেলা আইসিটি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণকে তাদের স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান। জাতীয় তথ্য বাতায়ন আপডেট করার জন্যও তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আইসিটি অফিসার/সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫। বনবিভাগ ঃ

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬। পল্লী সঞ্চয় ব্যাংক ঃ

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭। উপজেলা নির্বাচন অফিস ঃ

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরো জানান নির্বাচনকালীন সময় নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বাউন্ডারী দেয়াল আছে কিনা, দেয়াল সংস্কার এবং নির্মাণের প্রয়োজন আছে কিনা তা আমাদেরকে তদন্ত করতে হচ্ছে। ভোটার আইডি কার্ড প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণ যে, নতুন ভাবে প্রত্যয়ন পত্র প্রদান করে থাকে। সঠিক ভাবে ভোটার আইডি কার্ড দেওয়াতে নানা প্রকার সমস্য হচ্ছে। অনেক সময় দেখা যায় অনেক ভোটার আইডি কার্ডে নামের ভুল থাকায় তা সংশোধনে নাম না প্রকার সমস্যা আছে। অনেক সময় দেখা যায় অনেক জন্ম নিবন্ধন কার্ডে নাম বা পিতা-মাতার নামে ভুল পাওয়া যায়। অনেক সময় এসএসসি সার্টিফিকেটে মোঃ নজরুল ইসলাম কিন্তু ভোটার আইডি কার্ডে মোঃ নজরুল হক লেখা থাকে। জাতীয় সংসদ নির্বাচন হতে যাচ্ছে। এই জন্য ভোটার আইডি সঠিক করার একান্ত প্রয়োজন হয়। তিনি আরো জানান ভোটার আইডি কার্ড দেয়ার জন্য প্রত্যয়নপত্র, নাগরিক সনদপত্র চেয়ারম্যান সঠিকভাবে দিবেন। যাতে জনগণ সঠিক ভোটার আইডি কার্ডের মাধ্যমে নির্বাচন কেন্দ্রে ভোট দিতে পারে সেদিকে সচেতন থাকবে হবে।

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান নির্বাচন কালীন সময়ে ঝুঁকিপূর্ণ কোন কোন ইউনিয়ন। উপজেলা নির্বাচন অফিসার জানান শিলখুড়ী ইউনিয়নের শালজোড় এবং চর ভূরুঙ্গামারী ঝুঁকিপূর্ণ।

সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ

বীরমুক্তিযোদ্ধা এটিএম শাহজাহান মানিক, সাবেক সহঃ কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ মুক্তিযোদ্ধাদের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সভায় বীরমুক্তিযোদ্ধা এটিএম শাহজাহান মানিক, সাবেক সহঃ কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ বীরমুক্তিযোদ্ধা এটিএম শাহজাহান মানিক, সাবেক সহঃ কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯। বিএডিসি (সেচ) ঃ

উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।

বাস্তবায়নেঃ উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০। উপজেলা পরিষদ সংক্রান্ত ঃ

(ক) উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালনের জন্য সভায় ইউপি চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তাগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালনের জন্য সভায় ইউপি চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইউপি চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(খ) সভায় উপজেলা পরিষদের গত জুলাই/২০২৫ মাসের খরচের বিবরণী উপস্থাপন করা হয়। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে বিধায় তা অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানানো হয়। আলোচনান্তে জুলাই/২০২৫ মাসের ব্যয় সমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

মাসের নাম ঃ জুলাই/২০২৫

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | মোঃ মনজুরুল ইসলাম এশিয়ান বাংলা নিউজ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। (আর্থিক সাহায্য অপ্রত্যাশিত খাত) | ১৫০০০/- |
| ২. | মোছাঃ জোহরা বেগম, মইদাম, পাথরডুবী। (আর্থিক সাহায্য অপ্রত্যাশিত খাত) | ১০০০০/- |
| ৩. | মোঃ কোরবান আলী, পশ্চিম কেদার, বলদিয়া। (আর্থিক সাহায্য অপ্রত্যাশিত খাত) | ১০০০০/- |
| ৪. | মোঃ নুর জামাল, নুরীয়া ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের সার্চ লাইট ও ইলেকট্রি | ২৫০০০/- |

| | | |
|---|---|---|
| | স্থাপন বিল | |
| ৫. | মোঃ নুর জামাল, নুরীয়া ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের পানির পাম্প স্থাপন বিল | ২৫০০০/- |
| ৬. | মোছাঃ আয়শা, ইউপি সদস্য, তিলাই। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস এবং উপজেলা হিসাব রক্ষণ অফিস মেরামত বিল | ২০০০০০/- |
| ৭. | মোঃ বারেক, ইউপি সদস্য, তিলাই। উপজেলা পরিষদে ল্যাপটপ সরবরাহ করণ। | ১০০০০০/- |
| ৮. | ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উর্দ্ধৃত্ত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের স্থানান্তর | ২১০০০০০০/- |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে উপজেলাধীন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে গতিশীলতা আনয়ণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করত: গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

20/08/25

(দীপ জন মিত্র)
প্রশাসক
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৫-৭১৫

তারিখঃ ০৫ ভাদ্র ১৪৩২ / ২০ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬। উপজেলা ............................................................. অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, ........................................................ ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। জনাব .........................................................................................................................
৯। অফিস কপি।

20/08/25

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।